



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জরুরি সেবা হিসেবে টেলিযোগাযোগ সেবা নিশ্চিতে বিটিআরসি'র উদ্যোগ

ঢাকা, ০৮ জানুয়ারি, ২০২৪।

আগামী ৭ জানুয়ারি, ২০২৪ এ অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন ও নির্বাচন পরবর্তী সময়ে জরুরি সেবা হিসেবে টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ ও টেলিযোগাযোগ নেটওয়ার্ক সচল রাখার স্বার্থে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য বিটিআরসি হতে সংশ্লিষ্ট সকল টেলিকম অপারেটরদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

টেলিযোগাযোগ সেবা প্রদানের ক্ষেত্রে অপটিক্যাল ফাইবার একটি অতীব গুরুত্বপূর্ণ মাধ্যম। কিন্তু সরকারি সংশ্লিষ্ট সংস্থাসমূহের নানাবিধ উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে রাস্তা মেরামতসহ অন্যান্য কার্যক্রমে প্রায়শই ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার কর্তনে টেলিযোগাযোগ সেবা চরমভাবে ক্ষতিগ্রস্থ হয়। নির্বাচন চলাকালীন সময়ে অপটিক্যাল ফাইবার কর্তনের কারণে জরুরি পরিস্থিতিতে টেলিকম অপারেটর কর্তৃক উল্লিখিত ফাইবার মেরামত করা অতীব দুষ্কর হয়ে পড়বে।

এ প্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ চলাকালীন সময়ে ও নির্বাচন পরবর্তী সময়ে জরুরি সেবা হিসেবে টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে রাস্তা খনন কার্যক্রমে ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে জন্য প্রয়োজনীয় কার্যক্রম পদক্ষেপ গ্রহণের জন্য ইতোমধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)সহ অধীনস্থ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য বিটিআরসি'র পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

অনুরোধক্রমে

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল; অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

বিতরণ (সদয় অবগতির জন্য):

১। মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স) বিটিআরসি।

২। সচিব, বিটিআরসি।

৩। চেয়ারম্যান মহোদয়ের একাত্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৩৪/০১/১৩২৪

মোঃ জাকির হোসেন খান

উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন প্রকল্প উইং

বিটিআরসি।

মোবাইল-০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd